# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 18-04-2025 Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ওয়াকফ আন্দোলনের জেরে মালদায় আশ্রয় নেওয়া মূর্শিদাবাদের ঘরছাড়াদের পরিস্থিতি খতিয়ে দেখতে জাতীয় মানবাধিকার কমিশন এবং জাতীয় মহিলা কমিশনের দুটি প্রতিনিধি দল মালদা জেলা সফর করছেন।

রাজ্যপাল সি ভি আনন্দ বোসও আজ ওই জেলায় গেছেন।

২) বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্য সরকার আগামীকাল আর এক দফা বৈঠকে বসছে।

৩) জয়েন্ট এন্ট্রান্স মেইনস্ পরীক্ষা ফল আগামীকাল প্রকাশিত হবে।

৪) আজ বিশ্ব ঐতিহ্য দিবস। প্রাকৃতিক বিপর্যয় ও সংঘাতের আবহে বিপন্ন ঐতিহ্য – এই ভাবনায় এবছর এই দিনটি উদযাপিত হচ্ছে।

৫) যথাযথ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ গুড ফ্রাইডে পালিত হচ্ছে।

ooooooooooooooo

ওয়াকফ আন্দোলনের জেরে মালদায় আশ্রয় নেওয়া মুর্শিদাবাদের ঘরছাড়াদের পরিস্থিতি খতিয়ে দেখতে জাতীয় মানবাধিকার কমিশন এবং জাতীয় মহিলা কমিশনের প্রতিধিনি দল আজ মলদা সফর করছে। সেই সঙ্গে রাজ্যপাল সি ভি আনন্দ বোসও আজ ওই জেলায় গেছেন।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন জাতীয় মানবাধিকার কমিশনের দলটি সকালে পারলালপুরে গিয়ে নির্যাতিতদের সঙ্গে দেখা করেন, শোনেন তাদের অভাব অভিযোগও। এরপর জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সেন বিজয়া রাহাতকরের নেতৃত্বে চার সদস্যের দল বৈষ্ণবনগরে গিয়ে আক্রান্ত মহিলাদের সঙ্গে কথা বলে। অভাব-অভিযোগ খতিয়ে দেখেন

মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার পরে সাংবাদিকদের বলেন, আক্রান্ত মহিলারা স্থায়ী বি এস এফ ক্যাম্পের দাবি জানিয়েছেন। সেখানে তারা ফিরতে চান। সমস্ত অভিযোগ নথিবদ্ধ করা হয়েছে। সেই অনুযায়ী রিপোর্ট দেওয়া হবে। সেখানকার বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, পুলিশ ঠিকঠাক কাজ করলে এধরনের ঘটনা এড়ানো যেতো।

(বাইট – অর্চনা)

মালদা যাবার আগে মুর্শিদাবাদের বহরমপুরে সার্কিট হাউসেও সাংবাদিকদের মুখোমুখি হন অর্চনা দেবী। তিনি জানান, ঘর ছাড়াদের বাড়ি ফেরার মত উপযুক্ত পরিবেশ আছে কিনা তা খতিয়ে দেখে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার বলেন, নিগৃহীত মহিলারা এখনও আতঙ্কে রয়েছেন। তাদের উদ্বেগ নিরশনে সবরকমের ব্যবস্থা নেওয়া হবে।

(বাইট – রাহাতকার)

জাতীয় মহিলা কমিশনের দলটি আগামীকাল মুর্শিদাবাদের সামশেরগঞ্জে জাফরাবাদ, বেদপাড়া, ডিগরীর মত গ্রাম গুলি পরিদর্শনে যাবেন।

এদিকে রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোসও মালদা পৌঁছেছেন। তিনি ত্রাণ শিবিরে পৌঁছলে, সেখানে আশ্রয় নেওয়া ঘরছাড়ারা দফায় দফায় বিক্ষোভ দেখান ও প্রশাসনের বিরুদ্ধে তাদের ক্ষোভ উগরে দেন। রাজ্যপাল এখনও ত্রাণ শিবিরে রয়েছেন। মহিলা ও শিশুদের সঙ্গে কথাবার্তা বলছেন। তাদের অভাব অভিযোগও খতিয়ে দেখছেন। ত্রাণ শিবির পরিদর্শনের আগে রাজ্যপাল বলেন, আক্রান্তদের সঙ্গে কথা বলেই তিনি কোনো মন্তব্য করবেন।

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০

কংগ্রেসের এক প্রতিনিধি দল আগামীকাল মুর্শিদাবাদের সামশেরগঞ্জ এলাকা পরিদর্শনে যাবেন। ওই দলে থাকবেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, মালদা দক্ষিণের কংগ্রেস সাংসদ ইশা খান চৌধুরী ও এ আই সি সি (AICC)র পর্যবেক্ষক অম্বা প্রসাদ । প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে এ খবর জানানো হয়েছে।

এদিকে প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, মুখ্যমন্ত্রী হিসেবে তার ব্যর্থতা আড়াল করতেই মমতা ব্যানার্জি সংঘর্ষ কবলিত এলাকায় যাচ্ছেন না। এলাকায় শান্তি ফেরানোই তাদের প্রধান দাবী বলেও উল্লেখ করেন অধীর বাবু।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০

মুর্শিদাবাদের উপদ্রুত সামশেরগঞ্জ ও ধুলিয়ান এলাকায় অভয়া ক্লিনিক খুলতে চলেছেন ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্টের সদস্যরা। সংগঠনের তরফে জানানো হয়েছে আজ রাতেই কলকাতা থেকে রওনা দিচ্ছেন বেশ কয়েকজন জুনিয়র চিকিৎসক ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করতে রাজ্য সরকার আগামীকাল আরেক দফা বৈঠকে বসছে।

মুখ্য সচিব মনোজ পন্থের পৌরহিত্যে স্বরাষ্ট্র, স্বাস্থ্য সহ ১২ টি দফতরের সচিবরা নবান্নের ওই বৈঠকে উপস্থিত থাকবেন। জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক সহ পদস্থ কর্তাদের ওই বৈঠকে উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। বিভিন্ন দফতরের অধীনে থাকা প্রকল্প গুলোর কাজ কতদূর এগিয়েছে, তার অগ্রগতি বেঁধে দেওয়ার সময়

অনুপাতে হচ্ছে কিনা ওই বৈঠকে মূলত তা পর্যালোচনা করে দেখা হবে বলে জানা গিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার এফ এম হেডলাইন আবার শুরু হতে চলেছে । নিয়মিত সংবাদ বুলেটিনের পাশাপাশি আগামী রবিবার ২০ শে এপ্রিল থেকে চালু হবে ঘণ্টায় ঘণ্টায় এই হেডলাইন। শোনা যাবে সকাল ৭ টা থেকে রাত ৯ টা পর্যন্ত আকাশবাণী কলকাতার এফ এম রেইনবো প্রচার তরঙ্গে।

০০০০০০০০০০০০০০০০০

জয়েন্ট এন্ট্রান্স মেইনস্ পরীক্ষার ফল আগামীকাল ঘোষণা করা হবে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি এক বিবৃতিতে জানিয়েছে, পরীক্ষার চূড়ান্ত উত্তরপত্র আজ দুপুর দুটো থেকে JEE মেইনস্ ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। পরীক্ষার্থীরা তা ডাউনলোড করতে পারবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বিশ্ব ঐতিহ্য দিবস। "প্রাকৃতিক বিপর্যয়ও সংঘাতের আবহে বিপন্ন ঐতিহ্য"- এই ভাবনায় এ'বছর এই দিনটি উদ্‌যাপিত হচ্ছে।

এই উপলক্ষ্যে রায়গঞ্জে আজ হিস্টরিকাল সোসাইটি অফ উত্তর দিনাজপুর জেলার পরিচালনায় এবং রায়গঞ্জ পৌরসভার সহযোগিতায় এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উত্তর দিনাজপুর জেলার বিভিন্ন গৌরবান্বিত ঐতিহ্যবাহী স্থান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিধান মঞ্চে এক প্রদর্শনী এবং সেমিনারে যোগ দেন হিস্টোরিক্যাল সোসাইটি অফ উত্তর দিনাজপুরের সম্পাদক সোমনাথ সিং, রায়গঞ্জের পৌর প্রশাসক সন্দীপ বিশ্বাস, বিশিষ্ট শিক্ষাবিদ সুশীল গোস্বামী বণিক, সভার প্রতিনিধি অতনু বন্ধু লাহিড়ী প্রমুখ। সোমনাথ সিং বলেন, এই অনুষ্ঠানের

মাধ্যমে জেলার ঐতিহ্যের বিষয়ে নবীন প্রজন্ম অনেক বেশি সচেতন হবে। মোট ৫০ টি বিষয়ের উপর করা হয়েছে এই প্রদর্শনী।

পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিশনের পক্ষ থেকে আজ হাওড়ার রেল মিউজিয়ামে বিশ্ব ঐতিহ্য দিবস উদযাপন করা হয়।সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষা ও সংরক্ষণের গুরুত্ব তুলে ধরার জন্য একাধিক উদ্যোগ গ্রহণ করা হয়।

উল্লেখ্য, ১৯৮৩ সালে ভারত বিশ্বব্যাপী এই ঐতিহ্যসংরক্ষণে সামিল হয়। ভারতের ৪৩টি স্থান বিশ্ব ঐতিহ্য তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও, ইউনেস্কো আরো ৬২টি জায়গাকে স্বীকৃতি দিয়েছে। ভারতের প্রত্নতাত্ত্বিক সর্বেক্ষণ-ASI, তাদের অধীনে থাকা স্মারকগুলিতে আজ বিনামূল্যে প্রবেশাধিকার দেওয়া হয়।

oooooooooooooooooooo

আজ গুড ফ্রাইডে। যথাযথ ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি পালিত হচ্ছে। যশীকে ক্রুশবিদ্ধ করা ও তাঁর মৃত্যুর দিন স্মরণ করে খ্রীষ্ট ধর্মাবলম্বীরা উপবাস করে প্রভূ যীশুর উদ্দেশে শ্রদ্ধাজ্ঞাপন করছেন। গীর্জাগুলিতেও বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই উপলক্ষে যীশুর আত্মত্যাগের কথা স্মরণ করেছেন।

oooooooooooooooooooooooo

কলকাতার পাকস্ট্রীটে আজ দুপুরে কুইন্সম্যানশন বহুতলে আগুন লাগে। গ্রাউন্ড ফ্লোরে মিস্টির দোকানের পেছনে প্রথমে আগুন লাগলেও পরে তা ছড়িয়ে পড়ে। কালো ধোঁয়ায় ঢেকে যায় গোটা এলাকা। দমকলের চারটি ইঞ্জিন বিকেল ৩ টে নাগাদ আগুন নিয়ন্ত্রণে আনে। খালি করা হয় ওই বহুতলে থাকা অফিস ও দোকানঘর। প্রত্যক্ষ দর্শীরা জানিয়েছেন, AC থেকেই এই অগ্নিকান্ড। তবে, হতাহতের কোন খবর নেই।

oooooooooooooooooooooo

উত্তর বাংলাদেশ ও সন্নিহিত পশ্চিমবঙ্গের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের কারণে উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে। মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরে আজ ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। সেই সঙ্গে কালবৈশাখীর প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ বজ্রবিদ্যুৎ সহ ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। নদীয়া, হুগলী ও দক্ষিণ ২৪ পরগনায় ভারী বৃষ্টি হতে পারে বলে আবহাওয়াবিদ অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন ।

রবিবার পর্যন্ত কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে। গত সন্ধ্যাতেও কলকাতা ও সংলগ্ন এলাকা এবং দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বিক্ষিপ্ত ঝড়-বৃষ্টি হয়। এর জেরে তাপমাত্রা বেশকিছুটা নেমে গেছে।

কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ছিল ৫ দশমিক ২ ডিগ্রী কম। দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩১ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের ৪ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস নীচে। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২১ দশমিক ২ মিলিমিটার।

ooooooooooooooooooooo

টালিগঞ্জ স্টুডিও পাড়ায় মাস কয়েক আগে প্রশাসনিক হস্তক্ষেপের পরেও জট কাটেনি। পরিচালক সুদেষ্ণা রায় ও অভিজিৎ গুহ পরিচালিত ছবির শুটিং বন্ধ করার অভিযোগ উঠল টেকনিশিয়ানদের বিরুদ্ধে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিজিত )

ooooooooooooooooooooo

oooooooooooooooooooooo